# FORM G
# INVITATION FOR EXPRESSION OF INTEREST FOR M/S SUPREME & COMPANY PRIVATE LIMITED

**Operating in Manufacturing of Overhead Line Fittings & Accessories for Power Transmission, Distribution and Sub-Station at Chamrail, Hooghly (W.B.) and ongoing EPC Project at Tripura**

(Under sub-regulation (1) of regulation 36A of the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016)

| SL | RELEVANT PARTICULARS | |
|---|---|---|
| 1. | Name of the corporate debtor along with PAN & CIN/ LLP No. | **M/S Supreme & Company Private Limited**<br>PAN: AACCA7232K<br>CIN: U24116WB1978PTC031466 |
| 2. | Address of the registered office | 53, Justice Chandra Madhav Road, Kolkata, West Bengal, India – 700020 |
| 3. | URL of website | Not Available |
| 4. | Details of place where majority of fixed assets are located | NH-6, Bombay Road , South Chamrail, Howrah, West Bengal, Pin – 711114 |
| 5. | Installed capacity of main products/ services | The manufacturing of Overhead Line Fittings & Accessories for Power Transmission, Distribution and Sub-Station. The Company is having an ongoing EPC project at Tripura |
| 6. | Quantity and value of main products/ services sold in last financial year | As per latest Financial statement for Financial year 2021-2022<br><br>Value – Rs.382.79 Cr. |
| 7. | Number of employees/ workmen | 5+ active employees |
| 8. | Further details including last available financial statements (with schedules) of two years, lists of creditors are available at URL: | Details can be sought by emailing – supreme.cirp@gmail.com |
| 9. | Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at URL: | Will be shared separately with the Applicant after receiving the request through email at supreme.cirp@gmail.com from Prospective Resolution Applicants. |
| 10. | Last date for receipt of expression of interest | 1 October, 2024 |
| 11. | Date of issue of provisional list of prospective resolution applicants | 7 October, 2024 |
| 12. | Last date for submission of objections to provisional list | 12 October, 2024 |
| 13. | Date of issue of final list of prospective resolution applicants | 17 October, 2024 |
| 14. | Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants | 21 October, 2024 |
| 15. | Last date for submission of resolution plans | 20 November, 2024 |
| 16. | Process email id to submit Expression of Interest | supreme.cirp@gmail.com |

SANJAI KUMAR GUPTA Insolvency Professional IBBI/ IPA-001/ IP-P00592/ 2017-2018/ 11045/ Kolkata

Sanjai Kumar Gupta

**Sanjai Kumar Gupta**
Resolution Professional
Supreme & Company Private Limited (Under CIRP)
IBBI/IPA-001/IP-P00592/2017-2018/11045
AFA Valid Upto 19-11-2024
Email: supreme.cirp@gmail.com ; casanjaigupta@gmail.com
27A, Bagmari Road, Akma Heights, Kolkata – 700 054

Place: Kolkata
Date: 16-09-2024

Business Standard KOLKATA | MONDAY, 16 SEPTEMBER 2024

# FORM G

## INVITATION FOR EXPRESSION OF INTEREST FOR M/S SUPREME & COMPANY PRIVATE LIMITED

**Operating in Manufacturing of Overhead Line Fittings & Accessories for Power Transmission, Distribution and Sub-Station at Chamrail, Hooghly (W.B.) and ongoing EPC Project at Tripura**

(Under sub-regulation (1) of regulation 36A of the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016)

| SL | RELEVANT PARTICULARS | |
|---|---|---|
| 1. | Name of the corporate debtor along with PAN & CIN/ LLP No. | **M/S Supreme & Company Private Limited**<br>PAN: AACCA7232K<br>CIN: U24116WB1978PTC031466 |
| 2. | Address of the registered office | 53, Justice Chandra Madhav Road, Kolkata, West Bengal, India - 700020 |
| 3. | URL of website | Not Available |
| 4. | Details of place where majority of fixed assets are located | NH-6, Bombay Road , South Chamrail, Howrah, West Bengal, Pin - 711114 |
| 5. | Installed capacity of main products / services | The manufacturing of Overhead Line Fittings & Accessories for Power Transmission, Distribution and Sub-Station. The Company is having an ongoing EPC project at Tripura |
| 6. | Quantity and value of main products / services sold in last financial year | As per latest Financial statement for Financial year 2021-2022<br>Value - Rs.382.79 Cr. |
| 7. | Number of employees / workmen | 5+ active employees |
| 8. | Further details including last available financial statements (with schedules) of two years, lists of creditors are available at URL: | Details can be sought by emailing - supreme.cirp@gmail.com |
| 9. | Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at URL: | Will be shared separately with the Applicant after receiving the request through email at supreme.cirp@gmail.com from Prospective Resolution Applicants. |
| 10. | Last date for receipt of expression of interest | 1 October, 2024 |
| 11. | Date of issue of provisional list of prospective resolution applicants | 7 October, 2024 |
| 12. | Last date for submission of objections to provisional list | 12 October, 2024 |
| 13. | Date of issue of final list of prospective resolution applicants | 17 October, 2024 |
| 14. | Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants | 21 October, 2024 |
| 15. | Last date for submission of resolution plans | 20 November, 2024 |
| 16. | Process email id to submit Expression of Interest | supreme.cirp@gmail.com |

Sd/-

**Sanjai Kumar Gupta**, Resolution Professional
Supreme & Company Private Limited (Under CIRP)
IBBI/IPA-001/IP-P00592/2017-2018/11045
AFA Valid Upto 19-11-2024
Email: supreme.cirp@gmail.com ; casanjaigupta@gmail.com
27A, Bagmari Road, Akma Heights, Kolkata - 700 054

Place : Kolkata
Date : 16-09-2024

আজকাল ৭
কলকাতা সোমবার ১৬ সেপ্টেম্বর ২০২৪

## ফর্ম জি

## মেসার্স সুপ্রিম অ্যান্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড-এর নিমিত্ত এক্সপ্রেশন অফ ইন্টারেস্টের জন্য আমন্ত্রণ

**চামরাইল, হুগলি (পঃবঃ)-তে বিদ্যুৎ পরিবহণ, বণ্টন ও সাব-স্টেশনের জন্য ওভারহেড লাইন ফিটিংস ও আনুষঙ্গিক সামগ্রী নির্মাণ এবং ত্রিপুরায় চালু ইপিসি প্রজেক্টে নিয়োজিত**

[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৩৬এ সাব-রেগুলেশন (১) অধীনে]

| ক্রম | দরকারি তথ্যাবলি | |
|---|---|---|
| ১. | কর্পোরেট ঋণগ্রহীতার নাম, প্যান ও সিআইএন/ এলএলপি নম্বর | মেসার্স সুপ্রিম অ্যান্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড<br>PAN: AACCA7232K,<br>CIN: U24116WB1978PTC031466 |
| ২. | রেজিস্টার্ড অফিসের ঠিকানা | ৫৩, জাস্টিস চন্দ্রমাধব রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত-৭০০০২০ |
| ৩. | ওয়েবসাইটের ইউআরএল | উপলব্ধ নয় |
| ৪. | সিংহভাগ স্থায়ী পরিসম্পদ যেখানে অবস্থিত, সেই স্থানের বিশদ বিবরণ | এনএইচ-৬, বম্বে রোড, সাউথ চামরাইল, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭১১১১৪ |
| ৫. | মূল পণ্য/পরিষেবার ক্যাপাসিটি | বিদ্যুৎ পরিবহণ, বণ্টন ও সাব-স্টেশনের জন্য ওভারহেড লাইন ফিটিংস ও আনুষঙ্গিক সামগ্রী নির্মাণ। ত্রিপুরায় কোম্পানির একটি চালু ইপিসি প্রজেক্ট রয়েছে। |
| ৬. | শেষ অর্থবর্ষে বিক্রিত মূল পণ্য/পরিষেবার পরিমাণ এবং অর্থমূল্য | সর্বশেষ ২০২১-২০২২ অর্থবর্ষের আর্থিক বিবৃতি অনুসারে অর্থমূল্য- ₹৩৮২.৭৯ কোটি |
| ৭. | কর্মী/শ্রমিকের সংখ্যা | ৫+ সক্রিয় কর্মী |
| ৮. | সর্বশেষ উপলব্ধ দুই বছরের আর্থিক বিবৃতি (তফসিল-সহ), ঋণদাতাদের তালিকা | supreme.cirp@gmail.com আইডি-তে ই-মেল পাঠিয়ে বিশদ চেয়ে নেওয়া যাবে |
| ৯. | উক্ত কোডের ২৫(২)(এইচ) ধারাধীনে রেজোলিউশন আবেদনকারীদের যোগ্যতামান এখানে পাওয়া যাবে | সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের থেকে supreme.cirp@gmail.com আইডি-তে ই-মেলের মাধ্যমে অনুরোধ পাওয়ার পরে আবেদনকারীকে পৃথকভাবে জানিয়ে দেওয়া হবে |
| ১০. | এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট প্রাপ্তির শেষ তারিখ | ১ অক্টোবর, ২০২৪ |
| ১১. | সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের প্রাথমিক তালিকা প্রকাশের তারিখ | ৭ অক্টোবর, ২০২৪ |
| ১২. | প্রভিশনাল তালিকার বিরুদ্ধে অভিযোগ পেশের শেষ তারিখ | ১২ অক্টোবর, ২০২৪ |
| ১৩. | সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ | ১৭ অক্টোবর, ২০২৪ |
| ১৪. | সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের জন্য ইনফরমেশন মেমোরান্ডাম, ইভ্যালুয়েশন ম্যাট্রিক্স ও রেজোলিউশন প্ল্যানের জন্য অনুরোধ প্রকাশের তারিখ | ২১ অক্টোবর, ২০২৪ |
| ১৫. | রেজোলিউশন প্ল্যান জমার শেষ তারিখ | ২০ নভেম্বর, ২০২৪ |
| ১৬. | ইওআই জমার প্রসেস ই-মেল আইডি | supreme.cirp@gmail.com |

স্বাঃ-

**সঞ্জই কুমার গুপ্তা,** রেজোলিউশন প্রফেশনাল
সুপ্রিম অ্যান্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড, (সিআইআরপি-তে রয়েছে)
IBBI/IPA-001/IP-P00592/2017-2018/11045
এএফএ ১৯.১১.২০২৪ অবধি বৈধ
ই-মেল: supreme.cirp@gmail.com; casanjaigupta@gmail.com
২৭এ, বাগমারি রোড, আকমা হাইটস, কলকাতা-৭০০ ০৫৪

স্থান: কলকাতা
তারিখ: ১৬.০৯.২০২৪

# গ্রামীণ এলাকার অর্থনৈতিক ব্যবস্থা শক্তিশালী করতে চাইছে সরকার ঃ মন্ত্রী শুক্লাচরণ

**স্যন্দন প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** রবিবার আগরতলা টাউন হলে ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাংকের ৪১ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। তিনি অনুষ্ঠানের উদ্বোধন করে বক্তব্য রাখতে গিয়ে বলেন, রাজ্যের সার্বিক এবং সমবায় ক্ষেত্রে অর্থনৈতিক উন্নয়নের বিশেষ ভূমিকা নিয়ে কাজ করে চলেছে ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাংক। মানুষকে বিভিন্নভাবে ঋণ দিয়ে আত্মনির্ভর হওয়ার সুযোগ করে দিচ্ছে তারা। তিনি আরো বলেন, সরকারের মূল উদ্দেশ্য হলো গ্রামীণ এলাকার অর্থনৈতিক ব্যবস্থা শক্তিশালী করা। কারণ গ্রামীণ এলাকা অর্থনৈতিকভাবে শক্তিশালী হলে রাজ্য শক্তিশালী হবে। আর রাজ্য শক্তিশালী হলে দেশ শক্তিশালী হবে। নাহলে রাজ্য এবং দেশের উপর প্রভাব পড়বে। এমনটাই অভিমত ব্যক্ত করলেন সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন ল্যাম্পস এবং প্যাক্সের প্রতিনিধিদের হাতে ঋণ মঞ্জুর পত্র এবং মাইক্রো কিও আর কোড মেশিন তুলে দেওয়া হয়। পাশাপাশি নাবার্ডের সহায়তায় পরিকাঠামো গঠনের ক্ষেত্রে ১৪ টি ল্যাম্পস এবং প্যাক্সের প্রতিনিধিদের এককালীন অর্থরাশি প্রদান করা হয়েছে বলে জানান মন্ত্রী। এদিন অনুষ্ঠানের শেষে সমস্ত সোসাইটি গুলিকে সি এস সি-তে অন্তর্ভুক্ত করার চুক্তি স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে মন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন ত্রিপুরা কো-অপারেটিভ ব্যাংকের এমডি ভজন চন্দ্র রায় সহ অন্যান্য আধিকারিকরা।

# নেশার বিরুদ্ধে নীরব কৈলাসহরের পুলিশ

**কৈলাসহর অফিস, ১৫ সেপ্টেম্বর।।** কৈলাসহর এবং ইরানি থানায় দুই জন নতুন ওসি এসেছেন। কিন্তু গোটা মহকুমা নেশায় ডুবে থাকলেও নতুন ওসিদের সময়ে নেশা বিরোধী কোন অভিযান নেই। ফলে নেশা কারবারীদের রমরমা বাণিজ্য চলছে। প্রায় প্রকাশ্যে নেশা সামগ্রী কেনাবেচা চলছে। শুধুমাত্র কয়েকজন নেশা সেবনকারীদের আটক করে পুলিশবাবুরা দায় সারছেন। নেশা কারবারীদের আটক করতে অভিযান করা হচ্ছে না। এখন তো গন্ধহীন নেশা সামগ্রীর রমরমা। নেশার সাগরে ডুবে আছে শহরের নামীদামি পরিবারের ছেলে মেয়েরা। নীরবে এরা নেশার কবলে প্রবেশ করছে। ইরানি থানার এক এসপিওর বাবা প্রায় প্রকাশ্যে নেশা সামগ্রী বিক্রি করছে বলে অভিযোগ। থানা পুলিশের কাছেও এই খবর রয়েছে। মহকুমা উত্তরাঞ্চলে নেশার বড় বড় কারবারী রয়েছে। বিগত দিনে নেশা কারবারীদের বাড়িঘরে তল্লাশি চালিয়ে প্রচুর পরিমাণে নেশা সামগ্রী উদ্ধার সমেত কারবারীদের গ্রেপ্তার করা হয়েছিল। এই সব কারবারীরা জেল থেকে বের হয়ে ফের নেশার কারবারে জড়িত হয়ে গেছে। শহরের বুকে দু'একজন সাংবাদিক পরিচয়ে নেশার কারবার করে চলছে। পুলিশের সাথে এদের সখ্যতা রয়েছে। থানা পুলিশ জানে শহরের কোথায় নেশা সামগ্রী বিক্রি হচ্ছে। সরকার নেশামুক্ত রাজ্য গড়ার ঘোষণা দিয়েছে। কিন্তু নেশামুক্ত রাজ্য তো দূর অস্ত। পুলিশের নিষ্ক্রিয় ভূমিকায় নেশা কারবারীরা গোটা মহকুমা জুড়ে তাদের নেশার সাম্রাজ্য বিস্তার করে নিচ্ছে।



রবিবার জামশেদপুরের ঝাড়খণ্ডে বিজেপি'র পরিবর্তন যাত্রার সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ছবি: ইউ এড় আই

# মেডিক্যালে ভর্তির তৃতীয় রাউন্ডে নাম নথিভুক্ত করার কাজ শীঘ্রই

**আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** ত্রিপুরা সরকারের রাজ্য মেডিক্যাল এডুকেশন ডিরেক্টরেট (DME), শীঘ্রই ত্রিপুরা রাজ্য NEET UG 2024 MBBS কাউন্সেলিং প্রক্রিয়ার তৃতীয় রাউন্ডের জন্য নিবন্ধন শুরু করবে। এই রাউন্ডটি ত্রিপুরার বাসিন্দাদের পাশাপাশি অন্যান্য রাজ্যের NEET উত্তীর্ণ প্রার্থীদেরও MBBS আসনে আবেদন করার সুযোগ করে দেবে।

যেহেতু দ্বিতীয় রাউন্ডের ভর্তি চলছে এবং অনেক প্রার্থী ত্রিপুরা জুড়ে বিভিন্ন মেডিক্যাল কলেজে ভর্তি হচ্ছে, ছাত্রদের পরামর্শ দেওয়া হচ্ছে আসন্ন তৃতীয় রাউন্ডের নিবন্ধনের জন্য প্রস্তুত হতে। আগ্রহী প্রার্থীরা ত্রিপুরা শান্তিনিকেতন মেডিক্যাল কলেজে ভর্তি হওয়ার জন্য DME-এর অফিসিয়াল পোর্টালে আবেদন করতে পারেন : www.dmeonline.tripura.gov.in ত্রিপুরা শান্তিনিকেতন মেডিক্যাল কলেজ (ওয়েবসাইট : www.tripurasmc.com)

এই মেডিক্যাল কলেজটি সম্প্রতি শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবায় তাদের জনমুখী ভাবনাকে আরও দৃঢ় করেছে। ইতিমধ্যেই একটি সুলভ মূল্যের স্বাস্থ্য পরিষেবা চালু করা হয়েছে। নবনির্মিত (OPD) ক্লিনিকে মাত্র ১০ টাকার বিনিময়ে চিকিৎসা পাওয়া যাচ্ছে। এই উদ্যোগের লক্ষ্য হলো ত্রিপুরার সকল বাসিন্দাদের জন্য সুলভে উন্নত চিকিৎসা পরিষেবা দেওয়া।

# অর্ক স্কলারশিপ পরীক্ষা সম্পন্ন



**স্যন্দন প্রতিনিধি, গোলাঘাটি, ১৫ সেপ্টেম্বর।।** রাজ্যের বিজ্ঞান ও প্রযুক্তি সংস্থা এন বি ইনস্টিটিউট ফর রুরাল টেকনোলজি, 'অর্কনীড়' কর্তৃক আয়োজিত অর্ক স্কলারশিপ পরীক্ষা অনুষ্ঠিত হয় আগরতলাস্থিত মহারানি তুলসীবতী বালিকা বিদ্যালয়ে। রবিবার বেলা ১২ ঘটিকায় শুরু হয়েছে পরীক্ষা। রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ের একাদশ শ্রেণিতে পাঠরত দু'শ ছাত্র-ছাত্রী আবেদন করেছিলেন। এর মধ্যে পরীক্ষায় বসেছেন ১৫৫ জন ছাত্র- ছাত্রী। পরীক্ষা সেন্টারে উপস্থিত ছিলেন এন বি আই আর টি'র সভাপতি ডক্টর শান্তিপদ গণ চৌধুরী, সদস্য ডঃ শঙ্খ শুভ্র দাস, ডঃ রিচিব ঘোষ ঠাকুর, প্রজেক্ট অফিসার অনুপ দে প্রমুখ। পরীক্ষায় নির্বাচিত স্কলারশিপ প্রাপক-প্রাপিকারা এককালীন ৫০০০ টাকা স্কলারশিপ পাবে। অর্কনীড়ের সভাপতি ডঃ শান্তিপদ গণ চৌধুরী জানান শুভানুধ্যায়ীদের আর্থিক অনুদানে প্রতিবছর মেধাবী ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ প্রদান করা হচ্ছে। এবারের মোট ৯ জন ছাত্র-ছাত্রীকে স্কলারশিপ প্রদান করা হবে। এছাড়া এই পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে রাজ্যের মেধাবী ছাত্র-ছাত্রীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় নিজেদের প্রস্তুত করে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। স্কলারশিপ পরীক্ষাকে কেন্দ্র করে ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়।

# স্কাউট অ্যান্ড গাইডের তেলিয়ামুড়ার অফিসগৃহের উদ্বোধন

**তেলিয়ামুড়া অফিস, ১৫ সেপ্টেম্বর।।** ভারত স্কাউট অ্যান্ড গাইডের তেলিয়ামুড়ার ইউনিটের অফিসগৃহের উদ্বোধন হয় রবিবার। তেলিয়ামুড়া ইউনিটের স্বেচ্ছা- সেবকদের দীর্ঘদিনের প্রচেষ্টায় তেলিয়ামুড়া সারদাময়ী বিদ্যাপীঠে একটি অফিস কক্ষ গড়ে তোলা হয়। ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে এক ক্ষুদ্র পরিসরে সাংস্কৃতিক অনুষ্ঠানের দ্বারা এই অফিস কক্ষের উদ্বোধন করা হয়। এদিন ফিতা কেটে অফিস গৃহের উদ্বোধন করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রূপক সরকার। পরবর্তীতে হয় এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে উপস্থিত সমস্ত অতিথিরা তাদের মূল্যবান আলোচনা রাখেন এবং সংস্থার ছাত্র- ছাত্রীরা নৃত্য এবং সংগীত পরিবেশিত করে। এদিন এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভারত স্কাউট অ্যান্ড গাইডের খোয়াই জেলার সম্পাদক রঞ্জিত রুদ্র পাল, তেলিয়ামুড়া শহরের বিশিষ্ট সমাজসেবী চিরঞ্জীব দেব, সারদাময়ী বিদ্যাপীঠ এর প্রধান শিক্ষক বিশ্বজিৎ বিশ্বাস, তেলিয়ামুড়া শহরের বিশিষ্ট শিক্ষাবিদ মিহির দেবনাথ, বিবেকানন্দ দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের প্রধান শিক্ষক সঞ্জিত কুমার দাস সহ অন্যান্য বিশিষ্টজনেরা। অনুষ্ঠান শেষে ভয়াবহ বন্যা পরিস্থিতিতে আরক্ষা প্রশাসনের কর্মীদের সাথে স্কাউট অ্যান্ড গাইড তেলিয়ামুড়া ইউনিট এর যে সমস্ত স্বেচ্ছাসেবকরা বন্যা কবলিত এলাকাগুলিতে মানুষকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিল তাদেরকে সম্মাননা প্রদান করা হয়।

# ইঞ্জিনিয়ার্স ডে'তে আবাসিক ছাত্রদের বস্ত্র দান

**স্যন্দন প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** আজ কমলপুরে অনুষ্ঠিত হলো ভারতরত্ন প্রাপক ডক্টর মোক্ষগুন্দম বিষ্যসারাইয়া'র ১৬৩ তম জন্মদিন তথা ইঞ্জিনিয়ার্স ডে। কমলপুর মহকুমায় কর্মরত ইঞ্জিনিয়াররা এই দিবসটি পালন করেছেন। অন্যান্যবার ব্যাপক পরিসরে পালিত হলেও এই বছর মারাত্মক বন্যার কারণে ছোট পরিসরে পালিত হয়। আজ কমলপুর বিদ্যুৎ নিগমের কার্যালয়ে ডক্টর বিশ্বেসরাইয়ার প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান কমলপুরে কর্মরত বিভিন্ন দপ্তরের ইঞ্জিনিয়াররা। এরপর সকালে একটি বাইক র‍্যালি হয় কমলপুর থেকে মানিকভান্ডার পর্যন্ত। এরপর তারা কমলপুর রামকৃষ্ণ আশ্রমে আবাসিক কুড়িজন ছাত্রকে আসন্ন দুর্গাপুজো উপলক্ষ্যে বস্ত্র তুলে দেন। ইঞ্জিনিয়ার বিকাশ মালাকার, স্বপন শীলশর্মা, অজয় শর্মা, হিমাংশু বণিক সহ অন্যান্যরা ছাত্রদের হাতে পুজোর জন্য নতুন বস্ত্র তুলে দেন। এছাড়া মায়াছড়ি মাঠে কর্মরত ইঞ্জিনিয়ারদের মধ্যে এক প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

**তেলিয়ামুড়া অফিস সংযোজন।।** এদিকে ৫৭তম ইঞ্জিনিয়ার দিবস উপলক্ষ্যে নানা সামাজিক কাজ হাতে নিয়েছে তেলিয়ামুড়া মহকুমার ইঞ্জিনিয়ার সেল। প্রতিবছরের ন্যায় এবছরও তেলিয়ামুড়া মহকুমার ইঞ্জিনিয়াররা এই দিনটিতে সামাজিক কর্মসূচি পালন করে আসছে। এবছরও নানা সামাজিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে এই দিনটি পালন করছে। এরই অঙ্গ হিসেবে রবিবার সকাল নাগাদ তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের রোগীদের মধ্যে ফল মিষ্টি বিতরণ করা হয়। এছাড়াও হাসপাতালে কর্মরত স্টাফদের সঙ্গে মত বিনিময় ও রোগীদের বিষয়ে খোঁজ খবর নেন। আজকের দিনের সম্পর্কে তেলিয়ামুড়া পিডাব্লিউডি এর এসডিও তথা ইঞ্জিনিয়ার সুব্রত দাস জানান সারা বছর উনারা বিভিন্ন কাজে ব্যস্ত থাকেন। এর পাশাপাশি নানা সামাজিক কাজও করে থাকেন। তবে এই বিশেষ দিনেও নানা সামাজিক কর্মকাণ্ড করার পরিকল্পনা নেওয়া হয়েছে। তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে ফল মিষ্টি বিতরণ ছাড়াও রয়েছে এক প্রীতি ক্রিকেট ম্যাচ। তেলিয়ামুড়া কন্ট্রাক্টর অ্যাসোসিয়েশন এবং ইঞ্জিনিয়ারদের মধ্যে অনুষ্ঠিত হবে এই প্রীতি ক্রিকেট ম্যাচ বলে তিনি জানান।

# রক্তদানের চেয়ে বড় সেবা নেই ঃ মেয়র

**আগরতলা, ১৫ সেপ্টেম্বর।।** মানবিক চিন্তাধারা মূল্যবোধের প্রকাশ করাই হলো দান। সব কাজের উর্ধ্বে হলো দান। দান মানে মানুষের পাশে থাকা। এর মধ্যে রক্তদান যারা করছে তারা শ্রেষ্ঠ মানব ধর্ম পালন করছে। রবিবার রক্তদান শিবিরে গিয়ে এই কথা বললেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। এদিন তিনি বিশ্বকর্মা জয়ন্তী উপলক্ষ্যে ই-রিক্সা, অটো রিক্সা এবং ত্রিপুরা বাস চালক সংঘ নাগেরজলা শাখার উদ্যোগে রক্তদান শিবির ও বস্ত্র দানের উদ্বোধন করেন। তিনি বলেন, শ্রমিকরা আজকে যে রক্তদানের আয়োজন করেছে তার মধ্য দিয়ে পরিচয় দিয়েছে তারা মানুষকে শুধু পরিষেবা দেয় না, সমাজের প্রতিও তারা কর্তব্য এবং দায়িত্ব পালন করে চলেছে। তাদের এই মহৎ কাজ সত্যিই প্রশংসনীয়। তারা সমাজে মানব ধর্ম পালন করে চলেছে। যারা এভাবে রক্তদান শিবিরে এগিয়ে এসেছে তারা নিজেও জানে না তাদের রক্ত কার শরীরে যাবে। তাই এর চেয়ে বড় কোনো সেবা হতে পারে না। রক্তের কোন জাত পাত এবং ধর্ম হয় না। এভাবেই সমাজের প্রতি দায়িত্ব পালন করার জন্য আহ্বান জানান মেয়র। আয়োজিত শিবিরে এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় কাউন্সিলরগণ। পরে মেয়র রক্তদান শিবির ঘুরে দেখেন। রক্তদাতাদের সাথে কথা বলে উৎসাহিত করেন। ধারাবাহিক রক্তদানে এগিয়ে আসার জন্য আহ্বান জানান। পরবর্তী সময়ে মেয়র স্থানীয় দুঃস্থদের মধ্যে বস্ত্র তুলে দেন।

# আজ সিদ্ধেশ্বরী মন্দিরের উদ্বোধনে আসছেন যোগী



**স্যন্দন প্রতিনিধি, মোহনপুর, ১৫ সেপ্টেম্বর।।** সোমবার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হতে চলেছে বড়কাঠালের শান্তিকালী আশ্রমে নব নির্মিত সিদ্ধেশ্বরী মন্দিরের। উপস্থিত থাকবেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী। যদিও পূর্ব ঘোষণা মোতাবেক উপস্থিত থাকছেন না আসামের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্বশর্মা। রবিবার সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানিয়েছেন শান্তি কালী আশ্রমের চিত্য মহারাজ। বড়কাঠালে ১৯৯৫ সালে গড়ে উঠেছিল শান্তিকালী আশ্রম। এই আশ্রমে নির্মাণ করা হয়েছে সিদ্ধেশ্বরী মন্দির। শনিবার ধর্মীয় রীতিনীতি মেনে এই মন্দিরের শুভ সূচনা করবেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। এই লক্ষ্যে সমস্ত প্রস্তুতি চূড়ান্ত হয়ে গেছে। রবিবার বিকেলে শান্তিকালী আশ্রমে এক সাংবাদিক সম্মেলনে আশ্রমের চিত্য মহারাজ জানান উদ্বোধনী পর্বকে কেন্দ্র করে আয়োজন করা হয়েছে মহাযজ্ঞের। এতে রাজ্য এবং বহিঃরাজ্যের সাধুসন্তরা অংশ নেবেন। পাশাপাশি ত্রিপুরা এবং উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীদের হাত ধরে এই মন্দিরের উদ্বোধন হবে বলে জানিয়েছেন তিনি। এদিনের সাংবাদিক সম্মেলনে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীর জন্য তৈরি করা উত্তরীয় সাংবাদিকদের সামনে তুলে ধরেছেন মহারাজ। প্রায় ১০ ফুট লম্বা এবং ১ ফুট প্রস্ত এই উত্তরীয়। এর দুই প্রান্তে শান্তি কালীর ছবি বুনন করা হয়েছে। আশ্রমের চিত্ত মহারাজ জানিয়েছেন শীর্ষা প্রিয় প্রিয়াঙ্কা দেববর্মা এটি নিজে বুনে তৈরি করেছেন। এই উত্তরীয় সোমবার দেওয়া হবে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথকে। সাংবাদিক সম্মেলনে তিনি জনগণের প্রতি আহ্বান রাখেন সুশৃঙ্খল ভাবে এই ধর্মীয় অনুষ্ঠানে সকলে অংশগ্রহণ করার জন্য।



জামিনে জেল থেকে ফিরে দিল্লির মুখ্যমন্ত্রী পদে দলের কর্মী সম্মেলনে পদ ছাড়ার ঘোষণা করেন অরবিন্দ কেজরিওয়াল। রবিবার। ছবি: ইউ এন আই

**In the Court of Civil Judge (Senior Division)**
**Unakoti District : Kailashahar**
**T.S. 25 (Partition)/2004**
**Rangabala Das (Deb) & another ......... Plaintiffs**
**Versus**
**Tapan Chandra Das & others .................. Defendants**

**বিজ্ঞপ্তি/নোটিশ**

To
1. Shri Shyamal Das, S/o- Late Sukhamay Das, 2. Smt. Mampi Das, D/o- Late Sukhamay Das, Both are C/O - Pranay Ch. Das of Uttar Pabiacherra, P.O & P.S. :- Kumarghat, Sub-Div. - Kumarghat, Dist :- Unakoti, Tripura
......................... Defendants (2&3)

এতদ্বারা আপনাদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, শ্রীমতি রঙ্গবালা দাস (দেব), পিতা - মৃত রসময় দাস, স্বামী - মৃত অবনী মোহন দেব, সাং- নিদেবী, ডাকঘর, থানা ও মহকুমা - কুমারঘাট ও শ্রীমতি কমলা দাস, পিতা - মৃত রসময় দাস, স্বামী - নিতাই রাম দাস, সাং- আনন্দপল্লী, কে.কে. রোড সংলগ্ন, ডাকঘর, থানা ও মহকুমা - কুমারঘাট, জিলা - ঊনকোটি, ত্রিপুরা, নিম্নে বর্ণিত তপশীল মোতাবেক এক বাটোয়ারার মোকদ্দমা দায়ের করিয়াছেন, আপনারাও উক্ত মোকদ্দমায় বিবাদীপক্ষ, সেই মোতাবেক অত্র আদালত কর্তৃক আপনাদের নামে সমন জারীর আদেশ হইলে আদালতের জারীকারক আপনাদের উত্তর পাবিয়াছড়াস্থিত ঠিকানায় গিয়ে জানিতে পারেন যে, আপনারা উক্ত ঠিকানায় অবস্থান করিতেছেন না এবং আপনাদের বর্তমান ঠিকানা না জানায় আপনাদের নামীয় সমন জারী করিতে পারেন নাই।

অতএব এই মর্মে আপনাদেরকে অবগত করানো যাইতেছে যে, শ্রীমতী রঙ্গবালা দাস ও শ্রীমতী কমলা দাস দ্বারা দাখিলকৃত বাটোয়ারা মোকদ্দমার উপর যদি আপনাদের কোন প্রকার উজর আপত্তি থাকে তাহলে আগামী ধার্য্য ৩০/০৯/২০২৪ ইং তারিখে বেলা ১০ ঘটিকায় স্বয়ং কিংবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত অত্র আদালতে উপস্থিত হইয়া আপত্তি দাখিল করিবেন। অন্যথায় অত্র আদালত আইনুযায়ী মোকদ্দমা নিস্পত্তি করিবেন।

**SCHEDULE OF THE LAND**

Dist.- Unakoti, Tripura, Sub-Division - Kumarghat, Mouja- Kumarghat, Tehsil :- KumargharKhatian No.- 471/1, Hal Dag Nos. 1040, 1041, 1043/3311, 1094, 1095, 1102, 1103, 1105, 1817, 1818, 1819, 1849 & 1851, total land measuring 2.38 acres.
Given under my hand & Seal of this Court
today on day of September, 2024.

**JUDGE**
**Civil Judge (Sr. Division)**
**Court No :- 01**
**Kailashahar, Unakoti District**

# মনু বাজারে বহু পরিবার এখনও ত্রাণ শিবিরে

**স্যন্দন প্রতিনিধি, মনুবাজার, ১৫ সেপ্টেম্বর।।** সাম্প্রতিক কালে ঘটে যাওয়া প্রবল বন্যার ভয়াবহতা কাটিয়ে মহকুমার বন্যা দুর্গত মানুষগুলি কিছুটা স্বাভাবিক পরিস্থিতিতে ফিরে এলেও এখনো স্বাভাবিক হয়নি তাদের জীবন যাত্রা। বন্যা দুর্গত কিছু মানুষ এখনো রয়েছে ত্রাণ শিবিরে। বর্তমানে বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবার গুলোর বাঁচার একমাত্র অবলম্বন হয়ে উঠেছে ত্রাণ শিবিরগুলোর পাশাপাশি বিভিন্ন সরকারি, বেসরকারি ও স্ব উদ্যোগে এগিয়ে আসা মানুষের দেওয়া ত্রাণ। এরমধ্যে একাংশ ক্ষতিগ্রস্ত পরিবার আবার ত্রাণ শিবির ছেড়ে বাড়ি মুখী হলেও প্রবল বন্যায় ঘরবাড়ি, পুকুর, ফসলের মাঠ ও গোলা ভরা ধান ভেসে যাওয়ার কারণে থাকা খাওয়ার প্রবল সমস্যার মুখে পড়েছেন। তারা প্রবল অর্থনৈতিক সংকটের মুখে। বন্যার সঙ্গে লড়াই করে বেঁচে থাকার পর এখন আগামীদিনে আবার কি করে ঘুরে দাঁড়াবে তা নিয়েও ভেবে ব্যাকুল বন্যায় নিঃস্ব পরিবারগুলো। বন্যায় ক্ষতিগ্রস্ত হয়ে পড়া পরিবারগুলো অনেকেই সেভাবে আবার সার্বিক সাহায্য সহযোগিতা পাচ্ছেনা। আর যেভাবে কৃষি জমি ক্ষতি হয়েছে এবং জমিতে বন্যার জলের তোড়ে মাটি কাঁদা বালু এসে জমির চিত্র পাল্টে গেছে, এই জমিগুলো পুনরায় কবে চাষ যোগ্য করে তোলা যাবে এনিয়ে দুশ্চিন্তায় রয়েছে। সরকারি ভাবে কৃষকরা কতটা সাহায্য পাবে তাও এখনো স্পষ্ট নয় একই অবস্থা মৎস্যচাষিদের। ইতিমধ্যে বন্যাতে বাড়িঘর ক্ষতিগ্রস্ত হওয়া অনেকের অ্যাকাউন্টে প্রাথমিক ভাবে সরকারি আর্থিক সহযোগিতা পৌঁছে দেওয়া হয়েছে। সাব্রুম মহকুমাতে এখনো দুটি শিবিরে স্বল্প সংখ্যক বন্যা দুর্গত পরিবার রয়ে গেছে' তাদেরকে সরকারি সাহায্যের পাশাপাশি অন্যান্য সংস্থা সংগঠন থেকে ত্রাণ দেওয়া হচ্ছে। ত্রাণ শিবিরের বাইরে রয়েছে এমন অল্প সংখ্যক পরিবার ত্রাণ পেলেও বন্যার ফলে ব্যাপক ক্ষতি হয়েছে এমন অনেকেই এখনো হতাশার মধ্যে ডুবে আছে। এই দুর্যোগের পরবর্তী সময়ে সরকার দুর্গতদের দুর্গতি কমাতে কি পদক্ষেপ নেয় এখন সেই দিকেই তাকিয়ে আছে ক্ষতিগ্রস্তরা।

# মহিলা কংগ্রেসের প্রতিষ্ঠা দিবসে সদস্যতা অভিযান শুরু

**স্যন্দন প্রতিনিধি, আগরতলা, ১৫ সেপ্টেম্বর ।।** রাজ্যেও মহিলা কংগ্রেসের ৪০তম প্রতিষ্ঠা দিবস রবিবার আগরতলা কংগ্রেস ভবনে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। উপস্থিত ছিলেন ত্রিপুরা প্রদেশ মহিলা কংগ্রেসের সভানেত্রী সর্বানী ঘোষ চক্রবর্তী, মহিলা কংগ্রেসের রাজ্যের দায়িত্বপ্রাপ্ত পর্যবেক্ষক মিনা টোকো সহ মহিলা নেত্রী শ্রেয়সী লস্কর। মহিলা কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আযোজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে নেত্রীরা বলেন, সদস্যতা পদ সংগ্রহ অভিযান আজ থেকে শুরু হয়েছে। রাজ্যের সর্বত্র মহিলা সদস্য পদের সংগ্রহের মধ্য দিয়ে কংগ্রেসকে শক্তিশালী করার উপর তারা গুরুত্ব আরোপ করেছেন। আগরতলায় কংগ্রেস ভবনের সামনে থেকে আনুষ্ঠানিকভাবে এই সদস্যতা অভিযানের আনুষ্ঠানিক সূচনা করেন মহিলা কংগ্রেসের রাজ্যের দায়িত্বপাপ্ত পর্যবেক্ষক মিনা টোকো। সর্বভারতীয় মহিলা কংগ্রেসের উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে মেম্বারশিপ অভিযান। তারই আনুষ্ঠানিক উদ্বোধন করা হলো ত্রিপুরা মহিলা কংগ্রেসের উদ্যোগে। এ উপলক্ষ্যে কংগ্রেস ভবনে উপস্থিত ছিলেন বিধায়ক গোপালচন্দ্র রায় এবং ত্রিপুরা প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, মহিলা কংগ্রেসের সভানেত্রী সর্বানী ঘোষ চক্রবর্তী, ত্রিপুরার ইনচার্জ মিনা টকো সহ অন্যানারা। দেশ ও রাজ্যের এই পরিস্থিতির মধ্যে মহিলাদের আরও কিভাবে একত্রিত করা যায় তার জন্যই এই মেম্বারশিপ অভিযান বলে জানিয়েছেন নেতৃত্বরা। এই দিবসকে সামনে রেখে মহিলা কংগ্রেসের তরফ থেকে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এদিন মহিলা কংগ্রেসের সদস্যতা অভিযানের একটি ওয়েবসাইটের উদ্বোধন করা হয়। এই ওয়েবসাইট উদ্বোধন করার একটাই লক্ষ্য মহিলা কংগ্রেসের সদস্যরা যাতে একসাথে যুক্ত থাকতে পারেন। এদিকে রবিবার কংগ্রেস ভবনে ওবিসি সেলের এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা সহ ওবিসি সেলের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। প্রদেশ কংগ্রেসের তরফ থেকে আগামি ২৩ সেপ্টেম্বর রাজ্য পুলিশের সদর কার্যালয় ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শনের যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে সেই কর্মসূচিতে ওবিসি সেলের কর্মকর্তা সহ অন্যান্যরা শামিল হবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**FORM G**

**এক্সপ্রেশন অব ইন্টারেস্টের আহ্বান মেসার্স সুপ্রীম অ্যান্ড কোম্পানী প্রাইভেট লিমিটেডের জন্য**
**চামরাইল সাব-স্টেশন, হুগলী (পঃবঃ) ও ত্রিপুরায় চলমান ই পি সি প্রকল্পে ওভারহেডলাইন ফিটিংস ও পাওয়ার ট্রান্সমিশন অ্যাকসেসরিজ প্রস্তুতকরণ ও চালানো।**
(ভারতের দেউলিয়া ও ব্যাঙ্কখেলাপী পর্ষদ (কর্পোরেট ব্যক্তির দেউলিয়া সমাধান পদ্ধতি) অধিনিয়ম, ২০১৬ সাব রুল (১) এর রুল ৩৬ এ মোতাবেক)

| ক্রম | সংশ্লিষ্ট তথ্য বিবরণ | |
|---|---|---|
| ১ | প্যান ও সিন/এলএলপি নং সহকারে কর্পোরেট ঋণগ্রাহকের নাম | মেসার্স সুপ্রীম অ্যান্ড কোম্পানী প্রাইভেট লিমিটেড<br>প্যান : AACCA7232K<br>সিন : U24116WB1978PTC031466 |
| ২ | রেজিস্টার্ড অফিসের ঠিকানা | ৫৩, জাস্টিস চন্দ্রমাধব রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, ইন্ডিয়া- ৭০০০২০ |
| ৩ | ওয়েব সাইটের ইউ আর এল | পাওয়া যায়নি |
| ৪ | যেখানে স্থাবর সম্পত্তি সমূহের অধিকাংশ স্থাপিত সেখানের ঠিকানা | এন এইচ-৬ বোম্বে রোড, দক্ষিণ চামরাইল, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭১১১১৪ |
| ৫ | প্রধান পণ্য/পরিষেবা স্থাপনের ক্ষমতা | ত্রিপুরায় চলমান ই পি সি প্রকল্পে ওভারহেডলাইন ফিটিংস ও পাওয়ার ট্রান্সমিশন অ্যাকসেসরিজ প্রস্তুতকরণ ও চালানো। |
| ৬ | গত আর্থিক বছরে বিক্রিত প্রধান পণ্য/পরিষেবার গুণমান ও মূল্য | ২০২১-২০২২ আর্থিকচ বছরে সর্বশেষ আর্থিক জবানবন্দিতে মূল্য - ৩৮২.৭৯ কোটি টাকা |
| ৭ | কর্মচারী / শ্রমিক সংখ্যা | ৫ অধিক সক্রিয় কর্মচারী |
| ৮ | সর্বশেষপ্রাপ্ত আর্থিক বয়ানের পূর্বে দুই বছরে ইউ আর এল উল্লেখিত ঋণাদাতাদের তালিকা | supreme.cirp@gmail.com ওয়েবে ই-মেইল করলে পাওয়া যাবে |
| ৯ | ইউআরএল'র প্রাপ্ত ২৫(২) (এইচ) ধারা মোতাবেক আবেদনকারীর যোগ্যতার শর্ত | আবেদন করার প্রাপ্তি স্বীকার করলে পরে ইমেইল করতে হবে supreme.cirp@gmail.com পৃথকভাবে |
| ১০ | এক্সপ্রেশন অব ইন্টারেস্ট গ্রহণের শেষ তারিখ | ১ অক্টোবর, ২০২৪ |
| ১১ | আবেদনকারির সম্ভাব্য তালিকা দেওয়ার শেষ তারিখ | ৭ অক্টোবর, ২০২৪ |
| ১২ | সম্ভাব্য তালিকা আপত্তি জানানোর শেষ তারিখ | ১২ অক্টোবর, ২০২৪ |
| ১৩ | আবেদনকারীর সমস্যা সমাধানে চূড়ান্ত তালিকা ইস্যু করার শেষ তারিখ | ১৭ অক্টোবর, ২০২৪ |
| ১৪ | স্মারক তথ্যাদি মেট্রিক্স এবং অনুরোধ করার শেষ তারিখ | ২১ অক্টোবর, ২০২৪ |
| ১৫ | সমস্যা সমাধান পরিকল্পনা জমার শেষ তারিখ | ২০ নভেম্বর, ২০২৪ |
| ১৬ | এক্সপ্রেশন অব ইন্টারেস্ট জমা দেওয়ার ইমেল আই ডি | supreme.cirp@gmail.com |

Sd/-
**Sanjai Kumar Gupta,** Resolution Professional
Supreme & Company Private Limited (Under CIRP)
IBBI/IPA-001/IP-P00592/2017-2018/11045
AFA Valid Upto 19-11-2024
Email: supreme.cirp@gmail.com;casanjaigupta@gamil.com
27A, Bagmari Road, Akma Heights, Kolkata-700054

স্থান: কোলকাতা
তারিখ : ১৬/০৯/২০২৪